**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 17-04-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা প্রত্যেক জেলার জেলাশাসক ও পুলিশ সুপারদের প্রতিমাসে অন্যান্য দপ্তরের জেলাপর্যায়ের আধিকারিকদের নিয়ে এলাকা পরিদর্শন ও জনগণের সমস্যা নিরসনে উদ্যোগী হতে নির্দেশ দিয়েছেন। গতকাল সচিবালয়ে ভিডিও কনফারেন্সের মাধ্যমে রাজ্যের ৮ জেলার জেলাশাসক এবং পুলিশ সুপার সহ পদস্থ আধিকারিকদের সঙ্গে এক পর্যালোচনা বৈঠকে মুখ্যমন্ত্রী এই নির্দেশ দেন। বৈঠকে রাজ্যের সামগ্রিক উন্নয়নমূলক কাজকর্ম, আইন শৃঙ্খলা ও জনগণের অভাব অভিযোগ সম্পর্কিত বিষয়সমূহ নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়। মাদক পাচারকারী এবং এরসঙ্গে জড়িতদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা এবং ড্রাগস প্রবণ এলাকাসমূহ চিহ্নিত করার জন্য মুখ্যমন্ত্রী বিশেষ গুরুত্বারোপ করেন।

*********************

**Chief Justice  Supreme Court :**

সুপ্রিম কোর্টের পরবর্তী প্রধান বিচারপতি হচ্ছেন বিচারপতি বি আর গাভাই। ভারতের প্রধান বিচারপতি সঞ্জীব খান্না তাঁর উত্তরসূরি হিসাবে আইন মন্ত্রকের কাছে বিচারপতি গাভাইয়ের নাম সুপারিশ করেছেন। বর্তমান প্রধান বিচারপতি সঞ্জীব খান্নার মেয়াদ শেষ হচ্ছে মে মাসের ১৩ তারিখ। ১৪ই মে ৫২তম প্রধান বিচারপতি হিসেবে দায়িত্ব নেবেন বিচারপতি গাভাই।

*********************

**Doner Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা দুধ, ডিম, মাছ এবং মাংস উৎপাদনে রাজ্যকে স্বনির্ভর করার জন্য ৯৬৯ কোটি টাকা মূল্যের প্রকল্প প্রস্তাব করেন। গতকাল কেন্দ্রীয় ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া এবং উত্তর-পূর্ব রাজ্যগুলির মুখ্যমন্ত্রীদের উপস্থিতিতে উচ্চ-স্তরীয় টাস্ক ফোর্সের ভার্চুয়াল বৈঠকে মুখ্যমন্ত্রী এই প্রস্তাব করেন। মুখ্যমন্ত্রী ৮0 কোটি টাকা ব্যয়ে প্রতিটি জেলায় ২00টি গবাদি পশু রাখার ক্ষমতা সম্পন্ন ডেয়ারি ফার্ম এবং ৭ কোটি টাকা ব্যয়ে গোমতী কোঅপারেটিভ মিল্ক প্রোডিউসারস ইউনিয়ন লিমিটেডের পরিকাঠামো আরো শক্তিশালী করার প্রস্তাব রাখেন।

############ BYTE CM ###########

********************

**Union Minister B L Verma :**

কেন্দ্রীয় খাদ্য ও গণবন্টন এবং সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রকের প্রতিমন্ত্রী বি এল ভার্মা গতকাল দক্ষিন জেলা সদর বিলোনিয়া সফর করেন। বিলোনিয়া সার্কিট হাউসে শ্রী ভার্মার পৌরহিত্যে অনুষ্ঠিত এক বৈঠকে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বৈঠকে উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, বিধায়ক মাইলাফ্রু মগ ও স্বপ্না মজুমদার প্রমুখ। সভা শেষে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শ্রী ভার্মা বিলোনিয়া শহরের ওয়ান স্টপ সেন্টার, ভারতচন্দ্র ব্লক এলাকায় অমৃত সরোবর, ব্রীজ চৌমুহনীতে একটি রেশন দোকান ও উত্তর সাড়াসীমা উপ-স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শন করেন।

********************

**Good Friday Greetings:**

এডিসির চেয়ারম্যান জগদীশ দেববর্মা গুড ফ্রাই ডে উপলক্ষ্যে খ্রীষ্টান ধর্মালম্বীদের পাশাপাশি রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এই উৎসবের মাধ্যমে পরস্পর পরস্পরের মধ্যে সৌভ্রাতৃত্বের বন্ধন আরও মজবুত হবে বলে তিনি আশা ব্যক্ত করেন। এই উপলক্ষ্যে মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া ও তথ্য, সংস্কৃতি দপ্তরের নির্বাহী সদস্য সুহেল দেববর্মা রাজ্যবাসীর প্রতি শুভেচ্ছা জানিয়েছেন।

********************

**TET-2 Exam :**

দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের উদ্যোগে জেলার অন্তর্গত যেসকল পরীক্ষার্থী আসন্ন টেট-টু পরীক্ষা-২০২৫ এ বসবে তাদের জন্য বিনামূল্যে তিনদিনের বিশেষ প্রশিক্ষণ আজ থেকে শুরু হচ্ছে। বিলোনীয়ার বিদ্যাপীঠ সুবর্ণ জয়ন্তী হলে এই প্রশিক্ষণ চলবে ১৯ এপ্রিল পর্যন্ত। প্রতিদিন সকাল ১১টা থেকে কোচিং শুরু হবে। আগ্রহী পরীক্ষার্থীদের এই সুযোগ গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানিয়েছেন দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক।

********************

**ADC Press Meet :**

জনজাতিদের নিজস্ব কৃষ্টি, সংস্কৃতিকে উজ্জীবিত করার লক্ষ্যে আগামী ১৯ এপ্রিল তিপ্রা আইডল সিজন-২ ফাইন্যাল অনুষ্ঠান করা হবে। গতকাল খুমুলুঙে প্রধান প্রশাসনিক ভবনের মিলনায়তনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তথ্য সংস্কৃতি দপ্তরের নির্বাহী সদস্য সুহেল দেববর্মা একথা জানান।

********************

**Sangrain Festival :**

তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে দুইদিন ব্যাপী রাজ্যভিত্তিক সাংগ্রেই উৎসব গতকাল থেকে জোলাইবাড়ি ব্লকের দেবদারু মহামুনি বৌদ্ধ মন্দিরে শুরু হয়েছে। উৎসবের উদ্বোধন করেন বৌদ্ধ ধর্মগুরু ডঃ ধম্মপইয়া। দিনভর বিভিন্ন প্রাচীন খেলাধুলা শেষে সন্ধ্যায় আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে উৎসবের মূল অনুষ্ঠান।

********************

**Ratan Nath - Review Meeting :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথের পৌরোহিত্যে গতকাল ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের কর্পোরেট কার্যালয়ে কালবৈশাখীর দিনগুলিতে রাজ্যের বিদ্যুৎ নীরবচ্ছিন্ন রাখতে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। মন্ত্রী শ্রী নাথ ভিডিও কনফারেন্স এর মাধ্যমে গোটা রাজ্যের সকল এজিএম এবং ডিজিএমদের সঙ্গে কালবৈশাখী এবং বর্ষা কালীন সময়ের প্রস্তুতি নিয়ে বিস্তারিত আলোচনা করেন এবং তাদের প্রয়োজনীয় নির্দেশ দেন।

*********************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, আকাশ অংশত মেঘলা থাকবে, বজ্র-বিদ্যুৎ সহ বিক্ষিপ্ত ভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। এছাড়া কোথাও কোথাও দমকা থেকে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রি সেলসিয়াস। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

*********************